# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১২৯.২০২৩-৬১৬০ তারিখ: ১২/১০/২০২৫ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষার্থীদের সকল প্রকার রাজনৈতিক কর্মকান্ড থেকে বিরত থাকবার আহ্বান ও প্রয়োজনীয় নির্দেশনা।

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর দেশের প্রযুক্তিগত শিক্ষা ও গবেষণার একটি অগ্রণী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের অন্যতম লক্ষ্য হলো দেশের জন্য মেধাবী, দক্ষ, নৈতিকতাসম্পন্ন ও দায়িত্ববোধসম্পন্ন প্রকৌশলী ও প্রযুক্তিবিদ তৈরি করা। এই মহৎ লক্ষ্য অর্জনের জন্য একটি শান্তিপূর্ণ, নিরপেক্ষ ও সুশৃঙ্খল শিক্ষাবান্ধব পরিবেশ অপরিহার্য। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, ক্যাম্পাসের অভ্যন্তরে ও বাহিরে কিছু সংখ্যক শিক্ষার্থী বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের সাথে সক্রিয়ভাবে জড়িয়ে পড়েছেন। এই ধরনের কর্মকান্ড-

(ক) **একাডেমিক পরিবেশ বিনষ্ট করে:** রাজনৈতিক সভা-সমাবেশ, মিছিল, অবস্থান কর্মসূচি, স্লোগান, অনলাইন এক্টিভিজম ইত্যাদির কারণে ক্লাস, ল্যাব ও পরীক্ষার পরিবেশ বিঘ্নিত হয়।

(খ) **শিক্ষার্থীদের নিরাপত্তাকে ঝুঁকিতে ফেলে:** রাজনৈতিক উত্তেজনা ক্যাম্পাসে অশান্তি ও সংঘাতের সৃষ্টি করতে পারে, যা শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

(গ) **শিক্ষার মূল উদ্দেশ্য থেকে বিচ্যুত করে:** একজন শিক্ষার্থীর মূল দায়িত্ব হলো জ্ঞান অর্জন, গবেষণা ও নিজেকে প্রস্তুত করা। রাজনীতিক সম্পৃক্ততা এই মূল লক্ষ্য থেকে তাদেরকে দূরে সরিয়ে নেয়।

(ঘ) **প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুন্ন করে:** ডুয়েট একটি পবিত্র জ্ঞানচর্চার কেন্দ্র। এখানে রাজনৈতিক কর্মকান্ডের কারণে সৃষ্ট অনাকাঙ্খিত পরিস্থিতি প্রতিষ্ঠানের সার্বজনীন ও পেশাদার ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্থ করে।

**উপর্যুক্ত কারণগুলো বিবেচনায় নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:-**

**১. নিষেধাজ্ঞা:**

- ডুয়েট ক্যাম্পাসের ভিতরে/বাহিরে/গোপনে/প্রকাশ্যে কোনো ধরনের রাজনৈতিক কার্যক্রম যেমন সভা-সমাবেশ, মিছিল, ধর্মঘট, পোস্টারিং, লিফলেট বিতরণ বা রাজনৈতিক স্লোগান প্রদান সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
- কোনো শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের নাম, লোগো বা পরিচয় ব্যবহার করে ক্যাম্পাসের ভিতরে/বাহিরে/গোপনে/প্রকাশ্যে কোনো রাজনৈতিক দল বা সংগঠনের সক্রিয় সদস্য হিসেবে কাজ করতে পারবেন না।
- বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনৈতিক দলসমূহের কোনো শাখা কমিটি গঠন বা তাদের কার্যক্রম পরিচালনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যে কোনো ধরনের রাজনৈতিক কার্যক্রম যেমন সভা, মিছিল, মিটিং, পোস্টার/ব্যানার টানানো, প্রচারপত্র বিতরণ বা রাজনৈতিক সংগঠনের নামে সমাবেশ আয়োজন কঠোরভাবে নিষিদ্ধ।
- অনলাইন বা সামাজিক যোগাযোগ মাধ্যমে যে কোনো ধরনের রাজনৈতিক প্রচারণা, সংগঠনমূলক পোস্ট/শেয়ার/কমেন্ট বা বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে কোনো রাজনৈতিক বক্তব্য প্রদান করাও বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ড হিসেবে গণ্য হবে।

**২. শৃঙ্খলামূলক ব্যবস্থা:**

- এই নিষেধাজ্ঞা অমান্য করলে বিশ্ববিদ্যালয় কর্তৃক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শাস্তির মাত্রার মধ্যে থাকতে পারে লিখিত সতর্কীকরণ, সাময়িক / স্থায়ী বহিষ্কার এবং ডিগ্রি স্থগিতকরণ / বাতিলকরণ।

**৩. বিকল্প ও গঠনমূলক কর্মকান্ড:**

- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের মেধা ও শক্তিকে গঠনমূলক খাতে ব্যবহারের জন্য উৎসাহিত করে। শিক্ষার্থীরা তাদের জন্য অনুমোদিত ক্লাবসমূহের মাধ্যমে তাদের নেতৃত্বের গুণাবলী ও সামাজিক দায়বদ্ধতার বিকাশ ঘটাতে পারেন।
- এছাড়াও শিক্ষার্থীদের জন্যে ক্যারিয়ার ডেভেলপমেন্ট, সেমিনার, ওয়ার্কশপ এবং বিশ্ববিদ্যালয় ঘোষিত বিভিন্ন দিবস ও জাতীয় দিবসসমূহের অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণের জন্য বিশেষ সুযোগ রয়েছে।

**শিক্ষার্থীদের প্রতি আমাদের বিশেষ অনুরোধ:-**

আপনারা হচ্ছেন দেশের ভবিষ্যৎ। আপনারাই একদিন দেশের উন্নয়ন ও অগ্রগতির নেতৃত্ব দিবেন। এই গুরুত্বপূর্ণ সময়ে আপনাদের একমাত্র কাজ হলো নিজেকে জ্ঞান, দক্ষতা ও নৈতিকতায় সুসজ্জিত করা। রাজনৈতিক সংঘাত ও সংঘর্ষের পরিবর্তে জ্ঞানের আলোকে নিজেকে ও দেশকে আলোকিত করার অঙ্গীকার করুন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশাবাদী যে, সকল শিক্ষার্থী এই নির্দেশনা যথাযথভাবে মেনে চলবেন এবং ডুয়েট-কে প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষার এক অনন্য উদাহরণ হিসেবে গড়ে তোলার মহতি উদ্যোগে একযোগে কাজ করবেন।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

12 OCT 2025

(অধ্যাপক ড. মোহাঃ আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ: ১২/১০/২০২৫ খ্রিঃ।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১২৯.২০২৩-৬১৬০

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**
(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/সহকারী হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
৫। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর চৌরাস্তা, গাজীপুর।
৬। জেলা প্রশাসক, গাজীপুর।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, জয়দেবপুর, গাজীপুর।
৮। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা।
৯। সকল নোটিশ বোর্ড।
১০। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

12-10-25
(এ. বি. এম. মঈনুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা।

E:\Arif Mahmud\Notice & Note File All\Notice..doc